দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 9 JUN 2010 ..
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবির বঙ্গবন্ধু হল প্রভোস্ট অবরুদ্ধ, পদত্যাগ দাবি

## ছাত্রলীগের হল সভাপতিসহ ৬ জনকে শোকজ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ভারপ্রাপ্ত প্রভোস্ট ড. বায়তুল্লাহ কাদেরীর পদত্যাগের দাবিতে বিক্ষোভ করেছে ছাত্রলীগের কর্মীরা। গতকাল মঙ্গলবার বিক্ষুব্ধ ছাত্ররা প্রভোস্ট অফিসে তালা ঝুলিয়ে প্রায় আধ ঘণ্টা অবরুদ্ধ করে রাখে প্রভোস্টকে। আগুন জ্বালিয়ে বিক্ষোভ করে প্রভোস্ট কক্ষের সামনে। এদিকে প্রভোস্টের নামফলক ভাঙচুর ও প্রভোস্টসহ প্রশাসনিক ব্যক্তিদের সঙ্গে অসদাচরণের অভিযোগে হল শাখা ছাত্রলীগ সভাপতি শাহীনসহ ছয় শিক্ষার্থীকে কারণ দর্শানো নোটিস দিয়েছে হল কর্তৃপক্ষ। আগামী তিন দিনের মধ্যে নোটিসের জবাব দিতে বলা হয়েছে।

হল সূত্রে জানা গেছে, গত সোমবার রাত ১১টায় হলের আইন বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র ও হল শাখা ছাত্রলীগ কর্মী মাসুম বিল্লাহ অসুস্থ হয়ে পড়ায় তাকে হাসপাতালে নিতে হল কর্মচারিরা গড়িমসি করে। এতে ক্ষুব্ধ হয় শিক্ষার্থীরা। প্রভোস্টও এ বিষয়ে তাৎক্ষণিক ব্যবস্থা না নিয়ে উল্টো কর্মচারির পক্ষ নেয়ায় তার ওপর ক্ষুব্ধ হয় ছাত্ররা। এ ঘটনায় হলের শিক্ষার্থীরা মঙ্গলবার সকালে বিক্ষোভ করে।

রাত সাড়ে ১২টায় হলের দুই ছাত্র বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে গিয়ে এম্বুলেন্স নিয়ে মাসুমকে মিডিকেল সেন্টারে নিয়ে যায়। প্রাথমিক চিকিৎসা নেয়ার পর মাসুম কিছুটা সুস্থ অনুভব করলে প্রভোস্ট তাকে দেখতে আসেন। সামান্য ঘটনায় তাকে ডাকার জন্য উপস্থিত শিক্ষার্থীদের ভর্ৎসনা করেন প্রভোস্ট। এতে শিক্ষার্থীরা বিক্ষুব্ধ হয়ে উঠে। গতকাল দুপুরে হল প্রভোস্টসহ আবাসিক শিক্ষকরা ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে দেখা করে ঘটনায় জড়িত ছাত্রদের শাস্তির দাবি জানান। সার্বিক বিষয় বিবেচনায় এনে ভিসি প্রভোস্টকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা বললে হল শাখা ছাত্রলীগের সভাপতিসহ ছয়জনকে কারণ দর্শানো নোটিস দেয়া হয়েছে।